



মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোংলা, বাগেরহাট

মো: মাকরুজ্জামান  
উপসচিব  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
মোবা: ০১৭৪০-৬২৫৭৪০  
ইমেইল: prompa6@gmail.com  
ওয়েব সাইটঃ www.mpa.gov.bd

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “ডি-নথি (ডিজিটাল নথি) বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা শুরু করেছে মোংলা বন্দর”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ই-ফাইলিং কার্যক্রম দ্রুত সম্প্রসারিত এবং আরও ফলপ্রসূ করার লক্ষ্যে এম্পায়ার টু ইনোভেশন (এটুআই) প্রোগ্রাম, আইসিটি ডিভিশন কর্তৃক বাস্তবায়িত ও পরিচালিত ইলেক্ট্রনিক নথি (ই-নথি) নতুন ইন্টারফেস ও যুগোপযোগী আধুনিক ফিচার নিয়ে ডিজিটাল নথি (ডি-নথি) নামে যাত্রা শুরু করেছে। সরকারের এ মহৎ উদ্যোগকে আরও অধিকতর গতিশীল করতে মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল কর্মকর্তা/কর্মচারীদের ডি-নথিতে ই-ফাইলিং এর কাজ চলমান রাখতে আজ ৩ এপ্রিল সগীর আহমেদ (প্রোগ্রামার আইসিটি সেল) এর পরিচালনায় মোংলা বন্দরের ২৫ জন কর্মকর্তাদের নিয়ে বন্দর সভাকক্ষে দিনব্যাপী প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়। উক্ত প্রশিক্ষণে কোর্সে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত চেয়ারম্যান ক্যাপ্টেন মোঃ আসাদুজ্জামান, ড. এ. কে. এম. আনিসুর রহমান, সদস্য (প্রকৌশল ও উন্নয়ন) (যুগ্মসচিব), মোঃ শাহীনুর আলম, পরিচালক (প্রশাসন) (উপসচিব)।

ডি-নথি’র নতুন ইন্টারফেস ও নতুন ফিচার সম্পর্কে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের সম্যক ধারণা প্রদান করা প্রয়োজন। সে লক্ষ্যে মোংলা বন্দর কর্তৃপক্ষ ডি-নথি’র প্রশিক্ষণ সার্ভার সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করার জন্য উদ্যোগ গ্রহণ করে।

বর্তমানে সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থাসমূহের সকল অফিস পর্যায়ক্রমে ই-নথি সার্ভার থেকে ডি-নথি সার্ভারে অফিস/ডাটা স্থানান্তর করা হচ্ছে।

স্বাক্ষরিত/-  
মো: মাকরুজ্জামান  
উপসচিব